বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)
প্রধান কার্যালয়
টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
http://www.btcl.gov.bd । বিটিসিএল.বাংলা

তারিখ: ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৪.৩৩.০০০০.০০৩.০৬.০০২.১৯.৩৬

বিষয়: স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত আইডিয়া প্রেরণ।

সূত্র: ১৪.০০.০০০০.০১১.০৬.০০১.২৩.১০৪২ ০৭ মার্চ ২০২৪

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের মর্মানুযায়ী ২০২৩-২৪ অর্থবছরের বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল) এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অংশ হিসেবে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিটিসিএল এর পরিকল্পনা নির্ধারিত ছকে সন্নিবেশপূর্বক এতৎসঙ্গে তাঁর সদয় অবগতির নিমিত্ত প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিটিসিএল এর কর্মপরিকল্পনা (নির্ধারিত ছকে)

১৩-০৩-২০২৪
মো: আমিনুর রহমান
সিজিএম (অতিরিক্ত দায়িত্ব)
৫৫১৪১৬২৩
cgm.pnd@btcl.gov.bd

অতিরিক্ত সচিব (টেলিকম) ও চিফ ইনোভেশন অফিসার, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)

স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪

ক্রম	পরিকল্পনা	কার্যক্রমের বিবরণ	স্মার্ট বাংলাদেশ লক্ষ্যমাত্রা ২০৪১, SDG 2030, প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৩০) ও 8FYP (2021-2025) এর সাথে সংশ্লিষ্টতা	বাজেট সংশ্লিষ্টতা (বাজেটের উৎস, অনুমোদন)	বাস্তবায়নকাল (শুরু ও শেষের তারিখ উল্লেখপূর্বক)	বাস্তবায়নকারী (দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি উল্লেখপূর্বক)
১	৫জি উপযোগীকরণে প্রয়োজনীয় অবকাঠামো তৈরী ও ইন্টারনেট সেবার বিস্তার	আগামি ৫ বছরে বাংলাদেশে ৫জি প্রযুক্তির যুগে প্রবেশ করবে বলে আশা করা যায়। বর্তমানে ৫জি সম্প্রসারণের প্রয়োজনীয় অবকাঠামো ও সেবা (অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ও দ্রুতগতির নিরবচ্ছিন্ন ইন্টারনেট) সম্প্রসারণ একান্ত প্রয়োজন। এ লক্ষ্যে বিটিসিএল এ দুটি প্রকল্প চলমান আছে। ক (বিটিসিএল এর ইন্টারনেট প্রটোকল (আইপি) নেটওয়ার্ক উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্পের আওতায় জেলা ও উপজেলা পর্যায়ে ৫জি উপযোগীকরণের সক্ষমতা সম্পন্ন আইপি যন্ত্রপাতি স্থাপিত হচ্ছে। ফলে উপজেলা পর্যায় পর্যন্ত ১০০ জিবিপিএস ব্যান্ডউইথ সম্প্রসারণ সম্ভব হবে। খ (উচ্চগতির ইন্টারনেট সম্প্রসারণের জন্য বিটিসিএল এর ৫জি র' উপযোগীকরণে বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প চলমান রয়েছে। এই প্রকল্পের আওতায় ৪০০ ট্রান্সমিশন নেটওয়ার্কের সক্ষমতা জেলা থেকে জেলায় জিব ১০০ জিবিপিএস এবং জেলা থেকে উপজেলায়িপিএস তে উন্নীতকরণ করা হবে।	চতুর্থ শিল্পবিপ্লবের প্রযুক্তি সম্প্রসারণ ও প্রযুক্তি নির্ভর স্মার্ট ইকোসিস্টেম এর ভিত্তি তৈরী। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার অনুচ্ছেদ-৬.৬.৪ পৃষ্ঠা-৩৭২ ও অনুচ্ছেদ-১২.৪ পৃষ্ঠা-৫৮৯ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এর ৯.গ, ১৭.৮ নং লক্ষ্যমাত্রা অর্জনে আইসিটি অবকাঠামো উন্নয়নের মাধ্যমে টেলিযোগাযোগ ও ইন্টারনেট সুবিধা সম্প্রসারণ ও সহজিকরনে প্রকল্পটি ভুমিকা রাখবে।	ক) এডিপি, একনেক কর্তৃক অনুমোদিত প্রকল্প (৬৭% ঋণ, ৩৩% ইক্যুইটি) খ) এডিপি, একনেক কর্তৃক অনুমোদিত প্রকল্প (৬৭% ঋণ, ৩৩% ইক্যুইটি)	ক)এপ্রিল,২০২১ হতে ডিসেম্বর, ২০২৫ খ্রি. খ)এপ্রিল,২০২২ হতে মার্চ, ২০২৫ খ্রি.	ক) প্রকল্প পরিচালক, বিটিসিএল এর ইন্টারনেট প্রটোকল (আইপি) নেটওয়ার্ক উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প খ) প্রকল্প পরিচালক, ৫জি র উপযোগীকরণে' বিটিসিএল এর অপটিক্যাল ফাইবার ট্রান্সমিশন নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প সার্বিক ব্যবস্থাপনায়ঃ ডিএমডি (পরিকল্পনা ও উন্নয়ন), বিটিসিএল। পরিচালন ব্যবস্থাপনাঃ ডিএমডি (সিস্টেম অপারেশন), বিটিসিএল।
২	মোবাইল ইন্টারনেট এর গতিবৃদ্ধির লক্ষ্যে মোবাইল অপারেটরদের ফাইবার লিজ প্রদান ও টাওয়ার শেয়ারিং	মোবাইল ইন্টারনেট এর গতিবৃদ্ধির লক্ষ্যে বিটিসিএল মোবাইল আপারেটরদের অপটিক্যাল ফাইবার লিজ প্রদান ও টাওয়ার শেয়ারিং সেবা প্রদান করে আসছে। ইতোমধ্যে সকল মোবাইল অপারেটরে মোট ১৪,৫০০ কি.মি. অপটিক্যাল ফাইবার প্রদান করা হয়েছে। আগামি ৫ বিটিসিএল এর লক্ষ্য (পাঁচ বছরে) উন্নত সেবা প্রদান অব্যাহত রেখে সকল মোবাইল অপারেটরের ফাইবারাইজেশনের পরিমাণ ১৪৫০০ কি.মি. হতে ৩০০০০ কি.মি. এ উন্নীতকরণ।	বিদ্যমান অবকাঠামোর সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে চতুর্থ শিল্পবিপ্লবের সক্ষমতাসম্পন্ন মোবাইল ইন্টারনেট সেবা সম্প্রসারন।	বিটিসিএল এর নিজস্ব পরিচালন ব্যয়	জানুয়ারি ২০২০ থেকে ডিসেম্বর ২০৩০	

৩	বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে অর্থনৈতিক অঞ্চলসমূহে ৫জি সক্ষমতাসম্পন্ন টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন করা।	ক) চট্টগ্রাম মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে টেলিযোগাযোগ নেটওয়ার্জ স্থাপন প্রকল্পের মাধ্যমে মিরেরসরাই অর্থনৈতিক অঞ্চলে ২৫০০০ ক্যাপাসিটির GPON নেটওয়ার্ক স্থাপন, ডাটা ও ইন্টারনেট সার্ভিস প্রদান করা হবে। খ) অর্থনৈতিক অঞ্চলসমূহে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন ১ম পর্যায় প্রকল্পের আওতায় পাঁচটি অর্থনৈতিক অঞ্চলে আধুনিক টেলিযোগাযোগ সুবিধা প্রদানে টেলিকম এক্সচেঞ্জ ও আইপি যন্ত্রপাতি স্থাপন করা হবে।	আধুনিক প্রযুক্তির মাধ্যমে বৈদেশিক বিনিয়োগ-বান্ধব পরিবেশ ও অবকাঠামো তৈরি। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার অনুচ্ছেদ-৬.৬.৪ পৃষ্ঠা-৩৭২ ও অনুচ্ছেদ-১২.৪ পৃষ্ঠা-৫৮৯ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এর ৯(গ) ও ১৭.৬ নং লক্ষ্যমাত্রা অর্জনে আইসিটি অবকাঠামো উন্নয়নের মাধ্যমে টেলিযোগাযোগ ও ইন্টারনেট সুবিধা সম্প্রসারণ ও সহজিকরনে প্রকল্পটি ভুমিকা রাখবে।	ক) এডিপি, একনেক কর্তৃক অনুমোদিত প্রকল্প। খ) এডিপি, একনেক কর্তৃক অনুমোদিত প্রকল্প (৬৭% ঋণ, ৩৩% ইক্যুইটি)	ক)জুলাই,২০১৯-ডিসেম্বর, ২০২৪ খ)জুলাই,২০২১-ডিসেম্বর, ২০২৫	ক) প্রকল্প পরিচালক, চট্টগ্রাম মিরসরাই অর্থনৈতিক অঞ্চলে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন প্রকল্প খ) প্রকল্প পরিচালক, অর্থনৈতিক অঞ্চলসমূহে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন ১ম পর্যায় সার্বিক ব্যবস্থাপনায়ঃ ডিএমডি (পরিকল্পনা ও উন্নয়ন), বিটিসিএল। পরিচালন ব্যবস্থাপনাঃ ডিএমডি (রক্ষণাবেক্ষণ ও চালনা), বিটিসিএল।
৪	অপটিক্যাল ফাইবার নেটওয়ার্কের বিস্তার ও ব্যবহৃত ব্যান্ডউইথ বৃদ্ধি	বর্তমানে দেশের ৬৪ জেলা, ৪৭৪ উপজেলা ও ১২১৬ ইউনিয়নে বিটিসিএল এর অপটিক্যাল ফাইবারের দৈর্ঘ্য ৩৯,২০০ কি.মি. যা ক্রমশ: বৃদ্ধি পাচ্ছে। ২০২৪ এ বিটিসিএল এর ব্যবহৃত ব্যন্ডউইথ এর লক্ষ্যমাত্রা ৬০০ জিবিপিএস। চলমান প্রকল্প বাস্তবায়ন, মোবাইল অপারেটর এবং সরকারী ও জনগুরুত্বপূর্ণ স্থাপনায় ফাইবার ও ব্যন্ডউইথ বৃদ্ধির মাধ্যমে ভূগর্ভস্থ অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক ৬০,০০০ কি.মি. এ উন্নীত করা এবং ৫ বছর পর ব্যবহৃত ব্যান্ডউইথের পরিমাণ ১৫০০ জিবিপিএস এ উন্নীত করা।	স্মার্ট বাংলাদেশের ডিজিটাল সংযুক্তির বর্ধিত চাহিদা পূরণ।	চলমান প্রকল্পসমূহ বাস্তবায়নের আউটকাম (ফলাফল) ও বিটিসিএল এর নিজস্ব পরিচালন ব্যয়	ডিসেম্বর ২০২৬	সার্বিক তত্ত্বাবধানেঃ ডিএমডি (সিস্টেম অপারেশন), বিটিসিএল। বাস্তবায়নেঃ ১। সিজিএম (ট্রান্সমিশন পূর্ব), বিটিসিএল ২। সিজিএম (ট্রান্সমিশন পশ্চিম), বিটিসিএল ৩। ১। সিজিএম (ওটিআর), বিটিসিএল
৫	আইপি কলিং ভিত্তিক সেবা সম্প্রসারণ	যুগের প্রয়োজনে টেলিফোন সেবার চাহিদা কমে এসেছে। বিটিসিএল এ বর্তমানে আইপিভিত্তিক সেবা সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২০২১ সালে বিটিসিএল এর আইপি কলিং অ্যাপ চালু করা হয়েছে। ইতোমধ্যে বিটিসিএল এর ”আলাপ“ আইসিএক্স, আইজিডব্লিউ (International Gateway Exchange) ইত্যাদি আইপি সক্ষমতাসম্পন্ন করা হয়েছে। বিটিসিএল এর আইপি কলিং অ্যাপ এ নতুন ফিচার ”আলাপ“ যোগ করে গ্রাহক সংখ্যাবৃদ্ধি করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এটি আন্তর্জাতিকভাবে উন্মুক্তকরণসহ নতুন ফিচার যোগ করে গ্রাহক সংখ্যা বৃদ্ধি করা হবে। আগামি ৫ বছরে বিটিসিএল (পাঁচ) এর লক্ষ্য বর্তমানগ্রাহক ১৪ লক্ষ ৬৬ হতে ৫০ লক্ষে উন্নীত করা।	যুগোপযোগী সেবা সম্প্রসারণ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার অনুচ্ছেদ-৬.৬.৪ পৃষ্ঠা-৩৭২ ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা(SDG) এর ১৭.৬নং লক্ষ্যমাত্রা	বিটিসিএল এর নিজস্ব পরিচালন ব্যয়	ডিসেম্বর ২০২৫	সিজিএম (ডিটিআর-পূর্ব), বিটিসিএল
৬	রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য এক্সটার্নাল	রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য এক্সটার্নাল টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন প্রকল্পের আওতায় দেশের অর্থনৈতিক উন্নয়নে বাস্তবায়নাধীন রূপপুর পারমাণবিক	অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার অনুচ্ছেদ-৬.৬.৪ পৃষ্ঠা-৩৭২ ও	ক) এডিপি, একনেক কর্তৃক অনুমোদিত প্রকল্প।	এপ্রিল’২২-মার্চ’২৪	প্রকল্প পরিচালক, রুপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের জন্য এক্সটার্নাল টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন প্রকল্প।

	টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন	বিদ্যুৎকেন্দ্রের জন্য অত্যাধুনিক ও উচ্চগতির ডেডিকেটেড ও সুরক্ষিত এক্সটার্নাল টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন করা হবে।	অনুচ্ছেদ-১২.৪ পৃষ্ঠা-৫৮৯ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এর ১৭.৬ নং লক্ষ্যমাত্রা অর্জনে আইসিটি অবকাঠামো উন্নয়নের মাধ্যমে টেলিযোগাযোগ ও ইন্টারনেট সুবিধা সম্প্রসারণ ও সহজিকরনে প্রকল্পটি ভুমিকা রাখবে।	(বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন)		সার্বিক ব্যবস্থাপনায়ঃ ডিএমডি (পরিকল্পনা ও উন্নয়ন), বিটিসিএল।
৭	প্রান্তিক পর্যায়ের সুবিধাবঞ্চিত মানুষের জন্য ব্রডব্যান্ড ইন্টারনেট	"হাওর, বাওর ও প্রত্যন্ত অঞ্চলের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির জন্য টেলিযোগাযোগ সুবিধা (Broadband Wifi) সম্প্রসারণ (Breaking Digital Divide)" শীর্ষক একটি প্রকল্প চলমান রয়েছে। বিটিআরসি'র সামাজিক দায়বদ্ধতা তহবিলের অর্থায়নের প্রকল্পটির আওতায় দেশব্যাপী হাওর-বাওরসহ দ্বীপ এবং প্রত্যন্ত অঞ্চলসমূহে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠান, হাট-বাজার, গ্রোথ সেন্টার, ইউনিয়ন পরিষদ কার্যালয়, ইত্যাদি স্থানে প্রায় ১২,৮০০ ব্রডব্যান্ড ওয়াইফাই জোন স্থাপনের মাধ্যমে সেসকল স্থানের জনগণের জন্য সাশ্রয়ী/বিনামূল্যে উচ্চগতির ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা দেয়া হবে।	অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার অনুচ্ছেদ-৬.৬.৪ পৃষ্ঠা-৩৭২ এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) এর ৮.১০ , ১৭.৬ ও ১৭.৮নং লক্ষ্যমাত্রা অর্জনে আইসিটি অবকাঠামো উন্নয়নের মাধ্যমে টেলিযোগাযোগ ও ইন্টারনেট সুবিধা সম্প্রসারণ ও সহজিকরনে প্রকল্পটি ভুমিকা রাখবে।	বিটিআরসি'র সামাজিক দায়বদ্ধতা তহবিল	এপ্রিল'২০ হতে জুন'২০২৪	প্রকল্প পরিচালক, "হাওর, বাওর ও প্রত্যন্ত অঞ্চলের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠির জন্য টেলিযোগাযোগ সুবিধা (Broadband Wifi) সম্প্রসারণ (Breaking Digital Divide)"